গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সংস্থাপন শাখা, প্রশাসন বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

জরুরি
অতি গোপনীয়


নম্বর: ১৩.০১.০০০০.০৩১.১১.০০১.২০.১৩৯৩

তারিখ: ২৫ কার্তিক ১৪২৮
১০ নভেম্বর ২০২১

**খাদ্য অধিদপ্তরের নিয়োগ সংক্রান্ত জরুরি সতর্কীকরণ বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরের বিভিন্ন পদে নিয়োগ প্রদানের লক্ষ্যে এমসিকিউ/লিখিত পরীক্ষা গ্রহণ চলমান রয়েছে। পাশাপাশি নিয়োগবিধি আনুযায়ী বিভিন্ন সময়ে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। নিয়োগ কার্যক্রমের বিভিন্নধাপে দালাল বা প্রতারক শ্রেণি খাদ্য মন্ত্রণালয় ও খাদ্য অধিদপ্তরের নিয়োগ সংক্রান্ত কাজে জড়িত কর্মকর্তাদের সাথে পরিচয় আছে বা যোগসাজশ স্থাপন করে দিবেন - এহেন প্রলোভন দেখিয়ে আবেদনকারীদের নিকট হতে প্রতারণার মাধ্যমে আর্থিক সুবিধা গ্রহণের চেষ্টা করে থাকতে পারে। উল্লেখ্য যে, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় খাদ্য মন্ত্রী ও মাননীয় সচিব, খাদ্য মন্ত্রণালয় এর সুস্পষ্ট ঘোষণা ও অঙ্গীকার মোতাবেক খাদ্য অধিদপ্তরের নিয়োগ প্রক্রিয়া শতভাগ স্বচ্ছতা ও দুর্নীতিমুক্ত পরিবেশ নিশ্চিতপূর্বক চলমান আছে। **"মুজিব বর্ষের অঙ্গীকার, নিশ্চিত হবে যোগ্য ব্যক্তির নিয়োগ অধিকার"** - এই মূলমন্ত্রকে ধারণ করে খাদ্য অধিদপ্তরের কর্মকর্তাগণ নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।

সুতরাং খাদ্য অধিদপ্তরাধীন নন-গেজেটেড কর্মচারী নিয়োগের বিষয়ে কোন দালাল বা প্রতারক চক্রের খপ্পরে পড়ে আর্থিক লেনদেন কিংবা অসদুপায় অবলম্বন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। অত্র বিজ্ঞপ্তির ব্যত্যয় করে কোন ব্যক্তি দালাল বা প্রতারক চক্রের সাথে নিয়োগ সংক্রান্ত কাজে আর্থিক লেনদেন কিংবা প্রতারণা করলে উপযুক্ত প্রমাণ সাপেক্ষে তাদেরকে ধরিয়ে দেওয়ার জন্যও অনুরোধ করা হলো। খাদ্য অধিদপ্তরের কোন কর্মকর্তা/কর্মচারী নিয়োগ সংক্রান্ত কাজে অনৈতিক কর্মকান্ড/আর্থিক অনিয়মে জড়িত হওয়ার প্রমাণ পাওয়া গেলে তার বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।



১১-১১-২০২১
শেখ মুজিবর রহমান
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: +৮৮-০২২২৩৩৫৪৮৩৪
ইমেইল: dg@dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০৩১.১১.০০১.২০.১৩৯৩/১(২৪)

তারিখ: ২৫ কার্তিক ১৪২৮
১০ নভেম্বর ২০২১

সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।

৩) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৪) পরিচালক, প্রশাসন/সববি/চসসা/হিসাব ও অর্থ/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৫) অধ্যাপক ড এস এম লুৎফুল কবীর, প্রকল্প সমন্বয়কারী, আইআইসিটি, বুয়েট।

৬) পরিচালক, ব্যুরো অফ রিসার্চ, টেস্টিং এন্ড কনসালটেশন (বিআরটিসি), বুয়েট।

৭) জনাব ডঃ মোঃ রুবাইয়াত হোসেন মন্ডল, অধ্যাপক ও পরিচালক, আইআইসিটি, বুয়েট।

৮) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা।

৯) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

১০) আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১১) অতিরিক্ত পরিচালক, এম.আই.এস.এন্ড.এম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/রংপুর/বরিশাল/সিলেট।

১৩) জেলা প্রশাসক, ঢাকা/টাংগাইল/ফরিদপুর/চট্টগ্রাম/রাঙ্গামাটি/নোয়াখালী/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/ময়মনসিংহ/জামালপুর/রাজশাহী/পাবনা/বগুড়া/খুলনা/যশোর/সাতক্ষীরা/কুষ্টিয়া/বরিশাল/পটুয়াখালী/ভোলা/সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/রংপুর/নীলফামারী/দিনাজপুর/গাইবান্ধা/ঠাকুরগাঁও।

১৪) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।

১৫) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো/চট্টগ্রাম সাইলো/আশুগঞ্জ সাইলো,বি-বাড়ীয়া/সান্তাহার সাইলো, বগুড়া/স্টীল সাইলো, খুলনা/মোংলা সাইলো, বাগেরহাট।

১৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

১৭) উপ-পরিচালক, বেতন, পদোন্নতি ও প্রশিক্ষণ শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১৮) উপ-পরিচালক, তদন্ত ও মামলা শাখা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) , ................................


২০) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা।

২১) ব্যবস্থাপক (সকল), ............................................................

২২) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২৩) অফিস কপি।

২৪) মাস্টার কপি।



১১-১১-২০২১
মামুন আল মোর্শেদ চৌধুরী
উপপরিচালক